



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ১৭৯/২০২১

তারিখ : ২৯ অগস্ট ১৪২৮
১৪ ডিসেম্বর ২০২১

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ০৩ টি ব্যাংকে ২০১৯ সাল ভিত্তিক 'উর্ধ্বতন কর্মকর্তা (সহকারী প্রকৌশলী-মেকানিক্যাল)' (Job id-10138) এর ০৩ টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অনলাইন আবেদনের সমর্থনে কাগজপত্র জমাদান এবং মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ০৩ টি ব্যাংকে ২০১৯ সাল ভিত্তিক 'উর্ধ্বতন কর্মকর্তা (সহকারী প্রকৌশলী-মেকানিক্যাল)' এর ০৩টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে ১২/০৪/২০২১ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৬১/২০২১ এর প্রেক্ষিতে বিগত ০৪/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মোট ১৬ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের প্রধান ভবনে অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	মোট	তারিখ ও সময়
১০১১, ১০৭৯, ১১০৭, ১১১৭, ১১৫৭, ১১৬৩, ১১৭৬, ১২০১, ১২৬০, ১২৭৪, ১২৭৫, ১২৯৮, ১৩৪২, ১৩৯২, ১৪০৭, ১৪২০	১৬	০৬/০১/২০২২, বিকাল ৩:০০ টা

মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোনো ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; তবে, ইতঃপূর্বে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে। যাচিত দলিলাদির চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রার্থীদের অবশ্যই মৌখিক পরীক্ষা শুরুর ১ ঘণ্টা পূর্বে রিপোর্ট করতে হবে। বিলম্বে রিপোর্ট করার কোনো কারণ কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না। প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং তাদের অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির সত্যায়িত ফটোকপি এক সেট ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষার অব্যবহিত পূর্বে বিএসসিএস এর যাচাই প্রতিনিধির নিকট জমা দিতে হবে এবং এতৎসংক্রান্ত মূলকপি প্রদর্শন করতে হবে :

ক্রমিক নং	বিএসসিএস এর চেকিং বোর্ডে যে সকল দলিলাদি/দলিলাদির সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে	যে সকল দলিলাদির মূলকপি প্রদর্শন করতে হবে
১.	মহাব্যবস্থাপক ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র;	-
২.	সদ্য তোলা ০৩ কপি রজিন পাসপোর্ট সাইজ ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর লিখতে হবে);	-
৩.	লিখিত পরীক্ষার প্রবেশপত্র;	-
৪.	শিক্ষাগত যোগ্যতার সনদপত্র :	-
	এসএসসি/সমমান সনদ	মূলকপি প্রদর্শন করতে হবে
	এইচএসসি/সমমান সনদ	মূলকপি প্রদর্শন করতে হবে
	স্নাতক সনদ ও মার্কশীট	মূলকপি প্রদর্শন করতে হবে
	স্নাতকোত্তর সনদ ও মার্কশীট	মূলকপি প্রদর্শন করতে হবে
	০৬/০৫/২০২১ তারিখের পরে ইস্যুকৃত স্নাতক সনদ/মার্কশীট-এ ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ;	মূলকপি প্রদর্শন করতে হবে
	O Level/ 'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ(শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);	মূলকপি প্রদর্শন করতে হবে
৫.	অনলাইন আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার (বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার) সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক সাম্প্রতিক সময়ে প্রদত্ত জাতীয়তা সনদপত্র/নাগরিক সনদপত্র (কোনো অবস্থাতে অনলাইন আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরিবর্তনযোগ্য নয়);	মূলকপি প্রদর্শন করতে হবে
৬.	চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।	মূলকপি প্রদর্শন করতে হবে
৭.	মুক্তিযোদ্ধা সম্পর্কিত প্রমাণক দলিলাদি (গেজেট, লাল মুক্তিবর্তা ইত্যাদি), প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের সনদপত্র;	মূলকপি প্রদর্শন করতে হবে
৮.	প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রদত্ত এতৎসংক্রান্ত সনদপত্র;	মূলকপি প্রদর্শন করতে হবে
৯.	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রার্থীদেরকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ সম্পর্কিত প্রমাণক দলিলাদির সনদপত্র;	মূলকপি প্রদর্শন করতে হবে

বিশেষ দ্রষ্টব্য :

- প্রকাশিত ফলাফলে কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধনের অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।
- প্রার্থী কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদির কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে প্রার্থীর সাথে কোনো যোগাযোগ ছাড়াই প্রার্থীতা বাতিল করার অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।
- প্রার্থীকে অবশ্যই মাস্ক পরিধান করে আসতে হবে এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আজিজুল হক)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি